

ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।
 দ্বাদশ শ্রেণির (শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০) **জ্ঞানসূচনা ২০২১**
 বিষয় : ইতিহাস-২য় পত্র, বিষয় কোড : ৩০৫

সুজনশীল প্রশ্ন
 (যে কোন ঢটি উদ্দীপকের সমাধান কর)

পূর্ণমান : ৩০

১। নিচের ছক্টি দেখ এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও:

সংগৃহীত শতাব্দী থেকে উনবিংশ শতাব্দী পর্যন্ত ইউরোপের রাজনৈতিক বিপ্লবসমূহ (ধারাবাহিক) :

| | |
|--------------------|------------|
| গোরবময় বিপ্লব | ১৬৮৮ খ্রি. |
| ? | ১৭৮৯ খ্রি. |
| জুলাই বিপ্লব | ১৮৩০ খ্রি. |
| ফেব্রুয়ারী বিপ্লব | ১৮৪৮ খ্রি. |

ক) 'I am the state'- উক্তিটি কার?

খ) টেনিস কোট শপথ সম্পর্কে কি জান?

গ) ছকের '?' আনের বিপুলভিত্তি সংঘটনে অর্থনৈতিক কারণটিই বেশি সক্রীয় ছিল- ব্যাখ্যা কর।

ঘ) উক্ত বিপ্লব ইউরোপে নিয়মতান্ত্রিক রাজতন্ত্র ও গণতন্ত্র প্রতিষ্ঠার পথ উন্মুক্ত করেছিল- তোমার মতামত দাও।

১
২
৩
৪

২। প্রাচীন মেসোপটেমিয়ার একজন রাজা ছিলেন হামুরাবী। তাঁর শাসনামলে বেশ কিছু অঞ্চলের আইনের সমন্বয়ে আইন সংকলন করা হয় যা 'কোড অব হামুরাবী' নামে পরিচিত। তাঁর এ আইনের মাধ্যমে তিনি তার শাসনকার্য পরিচালনা করতেন। এই আইনের প্রয়োগ সমাজে ব্যাপক পরিবর্তন এনেছিল। তাঁর এ আইন সংকলন তাঁকে পৃথিবীর ইতিহাসে অমরত্ব দান করেছে।

ক) মোড়শ লাই-এর পতন হয় কেন?

খ) Third Estate-এর পরিচয় দাও।

গ) উদ্দীপকে বর্ণিত রাজা হামুরাবীর সাথে পাঠ্যবইয়ের কোনু ফরাসী মহাবীর সন্মানের মিল আছে- ব্যাখ্যা কর।

ঘ) উক্ত সন্মানকে 'দ্বিতীয় জাস্তিনিয়ান' বলা কতটুকু যুক্তিযুক্ত?

১
২
৩
৪

৩। মণ্ডল পাড়ার মণ্ডল ও পার্শ্ববর্তী খান পাড়ার খান পরিবারের মধ্যে জমিজমা ও প্রভাব প্রতিপন্থি নিয়ে বিরোধ দীর্ঘদিনের। সামান্য বিষয় নিয়ে একের সাথে অন্যের মারামারি ছিল মাঝুলি ব্যাপার। এমতাবস্থায় একদিন মণ্ডল পাড়ার মিন্টু মণ্ডল সঙ্গীক খান পাড়ায় তাঁর এক আত্মায়ের বাড়িতে বেড়াতে যান এবং প্রকাশ্য দিবালোকে অঙ্গুধারী কতিপয় দুর্বৃত্ত কর্তৃক হত্যার শিকার হন। এ ঘটনায় মণ্ডল পরিবার প্রতিপক্ষ খান পরিবারকে দায়ী করে এবং প্রতিশোধ গ্রহণের জন্য খান পাড়া আক্রমণ করলে উভয় গ্রামের মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষ হয়। সংঘর্ষে বহু লোক হতাহত ও সম্পদের অভাবনীয় ক্ষতি সাধিত হলে উভয় গ্রামসহ পার্শ্ববর্তী কতিপয় গ্রামের গণ্যমান্য ব্যক্তিবর্গ মিলিত হয়ে দীর্ঘ মেয়াদী শাস্তিচাপনের জন্য একটি আপোষ নামা সম্পাদন করেন। উক্ত আপোষ নামার শর্তাবলী সকলে যথাযথ প্রতি পালন করছে কি-না তা দেখভালের জন্য একটি 'তাদারকী পরিষদ' গঠন করা হয়।

ক) যুক্তরাষ্ট্র কসালে প্রথম বিশ্বযুদ্ধে যোগদান করে?

খ) ভার্সাই সন্ধির ভৌগোলিক শর্তাবলী উল্লেখ কর।

গ) উদ্দীপকে মিন্টু মণ্ডলের সঙ্গীক হত্যার ঘটনা প্রথম বিশ্বযুদ্ধের প্রত্যক্ষ কারণের অনুরূপ- ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকের তাদারকী পরিষদের অনুরূপ 'লীগ অব নেশনস'- এর উদ্দেশ্য ছিল বিশ্বে শান্তি প্রতিষ্ঠা - যথার্থতা নিরপেক্ষ করে।

১
২
৩
৪

৪। উচ্চাভিলাষী ২৯ বছরে টগবগে যুবক আরফান মিয়া প্রত্যক্ষ করেন কিভাবে তাদের প্রতাপশালী জমিদার খান বাহাদুর প্রতিপক্ষ জমিদারদের সাথে লড়াই করে লজ্জাজনকভাবে পরাজিত হয়ে স্বার্থবিরোধী একচুক্তি করতে বাধ্য হয়; যে চুক্তি তাদের জমিদারীকে একপকার লক্ষণ্য ও খণ্ডের বেড়াজালে আবদ্ধ করেছিল। নিজেদের জমিদারীর প্রতিপন্থি পুনরুদ্ধার এবং নিজেকে জমিদারের আসনে প্রতিষ্ঠিত করার মানসে আরফান মিয়া 'প্রতিকার' নামে একটি স্বতন্ত্র দল গঠন করেন। তাঁর দলের সদস্যদের বিশেষভাবে প্রশিক্ষিত করে এক সময় তাদের জমিদার খানা বাহাদুরের বিরুদ্ধে বিদ্রোহ করেন। বিদ্রোহে সফল হতে না পারলেও পরে জনগণের বিপুল সর্বোচ্চ ক্ষমতায় বসেন এবং জনগণকে উন্মুক্ত করে প্রতিপক্ষ জমিদারদের সাথে যুদ্ধে জড়িয়ে পড়েন। কিন্তু প্রতিপক্ষ জমিদারদের সম্মিলিত ও কৌশলগত যুদ্ধে পরাজিত হয়ে আরফান মিয়া আত্মহত্যা করেন।

ক) Mein Kamf- গ্রন্থটির রচয়িতা কে?

খ) ফ্যাবিদ কি?

গ) উদ্দীপকের আরফান মিয়ার কর্মকাণ্ডের সাথে পাঠ্যবইয়ের কোনু জার্মান নেতার মিল পাওয়া যায়? বর্ণনা কর।

ঘ) 'ভার্সাইচুক্তির মধ্যেই দ্বিতীয় বিশ্ব যুদ্ধের বীজ নিহিত ছিল'- উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর।

১
২
৩
৪

৫। সীমান্ত নিয়ে 'ক' ও 'খ' রাষ্ট্রের মধ্যে দীর্ঘদিন ধরে বিবাদ চলে আসছিল। 'ক' রাষ্ট্র তার সামরিক বাহিনী নিয়ে 'খ' রাষ্ট্রের ভূখণ্ডে আগ্রাসী তৎপরতা চালায় 'খ' রাষ্ট্র একটি আন্তর্জাতিক সংঘার কাছে সাহায্য চাইলে সংগ্রাম এগিয়ে আসে এবং বিবদমান রাষ্ট্রের বিরোধ মীমাংসা করে দেয়।

ক) দ্বিতীয় বিশ্বযুদ্ধের ব্যক্তিকাল উল্লেখ কর।

খ) মক্ষে সম্মেলন, ১৯৪৩ সম্পর্কে কী জান?

গ) উদ্দীপকে যে আন্তর্জাতিক সংঘার প্রতি ইঙ্গিত করা হয়েছে তার উদ্দেশ্য বর্ণনা কর।

ঘ) বিশ্ব শান্তি রক্ষায় উক্ত সংস্থাটি প্রশংসনীয় ভূমিকা পালন করছে- প্রস্তাবনার পক্ষে যুক্তি দাও।

১
২
৩
৪